গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা ৮৪/২০১৮-১৯
ঢাকা, রোববার ২৮ অক্টোবর ২০১৮, ১৩ কার্তিক ১৪২৫

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। রাষ্ট্রপতি জেনেভা থেকে ফিরেছেন

২। উন্নয়নের রোল মডেলের যে সম্মান পেয়েছি তা ধরে রাখতে হবে :
বরগুনার তালতলীতে বিশাল জনসভায় প্রধানমন্ত্রী

৩। দক্ষিণাঞ্চলে পরমাণু বিদ্যুৎকেন্দ্র নির্মাণ করার পরিকল্পনা রয়েছে : প্রধানমন্ত্রী
স্বপ্নের ঠিকানাসহ ২১টি প্রকল্প উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী

৪। তেজগাঁও বিমানবন্দর বাংলাদেশ বিমানবাহিনীর আওতাভুক্ত হবে : প্রধানমন্ত্রী

৫। মাদক অপরাধে মৃত্যুদন্ডের বিধান রেখে সংসদে বিল পাস

৬। সংসদে বাংলাদেশ সংবাদ সংস্থা বিল এবং বাংলাদেশ লোকপ্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র বিল পাস

৭। তারেক রহমানকে ফিরিয়ে এনে সাজা দেওয়া হবে :
প্রধানমন্ত্রীর তথ্যপ্রযুক্তিবিষয়ক উপদেষ্টা সজীব ওয়াজেদ জয়

৮। পৃথিবীর অন্যান্য দেশের মতো এদেশেও সুষ্ঠু নির্বাচন হবে : স্বাস্থ্যমন্ত্রী

৯। উন্নয়নের অগ্রযাত্রাকে এগিয়ে নিতে সরকারের ধারাবাহিকতা প্রয়োজন : পররাষ্ট্রমন্ত্রী

১০। মানবসমাজ বিনির্মাণে সংস্কৃতিচর্চার বিকল্প নেই : সংস্কৃতিমন্ত্রী

১১। সরকার জনগণের বিশ্বাসযোগ্য তথ্যপ্রবাহ নিশ্চিত করতে চায় : তথ্য প্রতিমন্ত্রী

১২। রাষ্ট্রনায়ক যদি সৎ হন তবেই দেশের উন্নয়ন সম্ভব : তথ্য প্রতিমন্ত্রী

১৩। সাবেক প্রধান তথ্য অফিসার তছির আহাম্মদের ইন্তেকাল : রাষ্ট্রপতির শোক

চলমান পাতা-২

১। **রাষ্ট্রপতি জেনেভা থেকে ফিরেছেন**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ সুইজারল্যান্ডের জেনেভায় পাঁচ দিনের সরকারি সফরশেষে দেশে ফিরেছেন। রাষ্ট্রপতি ও তাঁর সফরসঙ্গীদের বহনকারী আমিরাত এয়ারলাইন্সের একটি ফ্লাইট গতকাল (২৭ অক্টোবর শনিবার) হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করে। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.৫), জনকণ্ঠ (পৃ.১৪,ক.৭), **ফিনানশিয়ান এক্সপ্রেস** (পৃ.১,ক.১), **নিউ নেশন** (পৃ.৩,ক.৪)।

২। **উন্নয়নের রোল মডেলের যে সম্মান পেয়েছি তা ধরে রাখতে হবে :**
বরগুনার তালতলীতে বিশাল জনসভায় প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশবাসীর উদ্দেশে বলেছেন, উন্নয়নের স্বার্থে আগামী নির্বাচনে নৌকা মার্কায় ভোট দিন। যাকেই দলের প্রতীক দেওয়া হবে তাকেই বিজয়ী করে সেবা করার সুযোগ দিন। তিনি বলেন, উন্নয়নের রোল মডেলের যে সম্মান বাংলাদেশ পেয়েছে তা ধরে রাখতে হবে। গতকাল (২৭ অক্টোবর শনিবার) বরগুনার তালতলী উপজেলার বরবগি ইউনিয়ন সরকারি উচ্চ বিদ্যালয় মাঠে স্থানীয় আওয়ামী লীগ আয়োজিত এক বিশাল জনসভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। প্রধানমন্ত্রী আরো বলেন, দক্ষিণাঞ্চল সবসময় অবহেলিত ছিলো। আমরা পায়রা বন্দর, স্কুল, কলেজ, কালভার্ট, সেতুসহ অনেক উন্নয়ন করেছি। পায়রায় বিদ্যুৎকেন্দ্র স্থাপন করা হয়েছে, দক্ষিণাঞ্চলে আরো বিদ্যুকেন্দ্র স্থাপন করা হবে। নদীপথ ড্রেজিংয়ের মাধ্যমে নৌপথ সচলের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। দক্ষিণাঞ্চলের খাদ্য উৎপাদন বৃদ্ধি করতে লবণাক্ততা সহিষ্ণু ফসল উৎপাদনের উদ্যোগ নেওয়া হয়েছে। আগামী একশ'বছর পর যে বাংলাদেশ হবে সে অনুযায়ী পরিকল্পনা গ্রহণ করে কাজ করা হচ্ছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.১), সমকাল (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৬), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

৩। **দক্ষিণাঞ্চলে পরমাণু বিদ্যুৎকেন্দ্র নির্মাণ করার পরিকল্পনা রয়েছে : প্রধানমন্ত্রী**
স্বপ্নের ঠিকানাসহ ২১টি প্রকল্প উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী

গতকাল (২৭ অক্টোবর শনিবার) পটুয়াখালীর কলাপাড়ার ধানখালী ইউনিয়নের লোন্দা গ্রামে তাপবিদ্যুৎ কেন্দ্র নির্মাণে ক্ষতিগ্রস্ত জমির মালিক ও গৃহহারা পরিবারের মাঝে 'স্বপ্নের ঠিকানা' আবাসন পল্লীতে ১৩০টি পরিবারের কাছে ঘরের চাবি হস্তান্তর করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বলেন, কলাপাড়ায় ১৩২০ মেগাওয়াটের একটি বিদ্যুৎকেন্দ্র নির্মাণ হচ্ছে। ভবিষ্যতে আরও ১৩২০ মেগাওয়াট বিদ্যুৎকেন্দ্র নির্মাণ করা হবে । এ অঞ্চলে একটি পরমাণু বিদ্যুৎকেন্দ্র নির্মাণের পরিকল্পনা রয়েছে। পদ্মার এপারে দক্ষিণাঞ্চলে ভবিষ্যতে ৩০ হাজার মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন করা হবে। এসব উন্নয়নকাজের ফলে কোনো মানুষ যেন ক্ষতিগ্রস্ত না হয় আমরা সেদিকে লক্ষ্য রেখে কাজ করছি। ক্ষতিগ্রস্ত মানুষদের পুনর্বাসন করছি। প্রধানমন্ত্রী বলেন, কলাপাড়ায় একটি পূর্ণাঙ্গ নৌ-ঘাঁটি হচ্ছে, সেনা ঘাঁটি হচ্ছে, বিমানবাহিনীর ঘাঁটি হতে যাচ্ছে। এখানকার নদী খনন করা হবে। পায়রা সমুদ্রবন্দরকে গভীর সমুদ্রবন্দরে উন্নীত করা হবে, ২০২১ সালে পায়রা বন্দরের নির্মাণকাজ শেষ হবে এবং ২০২৫ সালে পূর্ণাঙ্গ গভীর সমুদ্রবন্দর চালু করা হবে।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল (২৭ অক্টোবর শনিবার) পটুয়াখালীতে স্বপ্নের ঠিকানাসহ ২১টি প্রকল্প উদ্বোধন করেন। সূত্র-**সমকাল** (পৃ.১৫,ক.৬), সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৮) **, অবজারভার** (পৃ.১,ক.৬), **নিউজ টুডে** (পৃ.১,ক.১)।

৪। **তেজগাঁও বিমানবন্দর বাংলাদেশ বিমানবাহিনীর আওতাভুক্ত হবে : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, দেশের প্রথম আন্তর্জাতিক বিমানবন্দর তেজগাঁও বিমানবন্দর বাংলাদেশ বিমানবাহিনীর আওতাভুক্ত হবে। এ বিমানবন্দরের কার্যক্রম বন্ধ করা হবে না। এটি বাংলাদেশ বিমানবাহিনীর ঘাঁটি হিসেবেই থাকবে। গতকাল (২৭ অক্টোবর শনিবার) ঢাকায় বাংলাদেশ বিমানবাহিনীর বিএএফ বাশার

ঘাঁটিতে ভিভিআইপি কমপ্লেক্স উদ্বোধনকালে একথা বলেন তিনি। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫),**ইত্তেফাক** (পৃ.৩,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৭), **ডেইলি সান** (পৃ.২,ক.১)।

৫। মাদক অপরাধে মৃত্যুদন্ডের বিধান রেখে সংসদে বিল পাস

মাদকদ্রব্য নিয়ন্ত্রণে এ সম্পর্কিত অপরাধে মৃত্যুদন্ডসহ সংশ্লিষ্ট বিষয়ে প্রয়োজনীয় বিধান করে সংসদে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ বিল, ২০১৮ পাস করা হয়েছে। গতকাল দশম জাতীয় সংসদের ২৩তম (শেষ) অধিবেশনের ৬ষ্ঠ কার্যদিবসে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বিলটি পাসের প্রস্তাব করলে কণ্ঠভোটে তা পাস হয়। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৪) **ভোরের কাগজ** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.৭), **ডেইলি সান** (পৃ.১,ক.৮)।

৬। সংসদে বাংলাদেশ সংবাদ সংস্থা বিল এবং বাংলাদেশ লোকপ্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র বিল পাস

বাংলাদেশ সংবাদ সংস্থা অধ্যাদেশ, ১৯৭৯ রহিত করে সময়ের চাহিদার প্রতিফলনে প্রয়োজনীয় বিধান সংযোজন করে নতুন আইন করার বিধান করে সংসদে বাংলাদেশ সংবাদ সংস্থা বিল, ২০১৮ সংশোধিত আকারে পাস করা হয়েছে। গতকাল দশম জাতীয় সংসদের ২৩তম (শেষ) অধিবেশনের ৬ষ্ঠ কার্যদিবসে তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বিলটি পাসের প্রস্তাব করলে কণ্ঠভোটে তা পাস হয়। এছাড়া বাংলাদেশ লোকপ্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র অধ্যাদেশ, ১৯৮৪ রহিত করে নতুন আইন প্রণয়নে প্রয়োজনীয় বিধান করে গতকাল (২৭ অক্টোবর শনিবার) সংসদে বাংলাদেশ লোকপ্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র বিল, ২০১৮ পাস করা হয়েছে। জনপ্রশাসন প্রতিমন্ত্রী ইসমাত আরা সাদেক বিলটি পাসের প্রস্তাব করলে কণ্ঠভোটে তা পাস হয়। সূত্র-**সংবাদ** (পৃ.৪,ক.৪)। **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৯,ক.১), **অবজারভার** (পৃ.৩,ক.২)।

৭। তারেক রহমানকে ফিরিয়ে এনে সাজা দেওয়া হবে :
প্রধানমন্ত্রীর তথ্যপ্রযুক্তিবিষয়ক উপদেষ্টা সজীব ওয়াজেদ জয়

জাতীয় ঐক্যফ্রন্ট ও সুশীল সমাজের কঠোর সমালোচনা করে প্রধানমন্ত্রীর তথ্যপ্রযুক্তিবিষয়ক উপদেষ্টা সজীব ওয়াজেদ জয় বলেছেন, বিএনপি-জামায়াতের সঙ্গে এক হয়ে তারা এখন ২১ আগস্টের গ্রেনেড হামলা মামলায় সাজাপ্রাপ্ত তারেক রহমানকে বাঁচাতে চাইছেন। তবে তারেক রহমানকে দেশে ফিরিয়ে এনে অবশ্যই সাজা দেওয়া হবে। গতকাল (২৭ অক্টোবর শনিবার) রাজধানীর একটি হোটেলে সুচিন্তা ফাউন্ডেশন আয়োজিত '২১ আগস্ট : বাংলাদেশের রাজনীতির বর্তমান-ভবিষ্যৎ' শীর্ষক এক সেমিনারে প্রধান অতিথির বক্তৃতায় সজীব ওয়াজেদ জয় এ কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.১) **ইত্তেফাক** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.১)।

৮। পৃথিবীর অন্যান্য দেশের মতো এদেশেও সুষ্ঠু নির্বাচন হবে : স্বাস্থ্যমন্ত্রী

স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম বলেছেন, আমি বিএনপি'র উদ্দেশে বলতে চাই, আপনারা নির্বাচনে আসুন। নির্বাচনের বিকল্প কিছু নেই। সংবিধান অনুযায়ী যথাসময়েই নির্বাচন হবে, নির্বাচনের কোনো বিকল্প হতে পারে না। পৃথিবীর অন্যান্য দেশে যেভাবে নির্বাচন হয় সেভাবেই আমাদের দেশেও সুষ্ঠু নির্বাচন হবে। স্বাস্থ্যমন্ত্রী গতকাল (২৭ অক্টোবর শনিবার) গাজীপুরের কাপাসিয়ায় উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স প্রাঙ্গণে সৈয়দা জোহরা তাজউদ্দীন নার্সিং কলেজের নবনির্মিত ভবন ও এর কার্যক্রম উদ্বোধনকালে এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৭)। **ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **নিউজ টুডে** (পৃ.৩,ক.১), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ,ক.৪)।

৯। উন্নয়নের অগ্রযাত্রাকে এগিয়ে নিতে সরকারের ধারাবাহিকতা প্রয়োজন : পররাষ্ট্রমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে দেশে অভূতপূর্ব উন্নয়ন হচ্ছে। তিনি গ্রামকে শহর বানাতে অপ্রতিরোধ্য অগ্রযাত্রায় এগিয়ে চলেছেন। গতকাল (২৭ অক্টোবর শনিবার) দিনাজপুরের চিরিরবন্দর উপজেলায় চিরিরবন্দর বালিকা উচ্চ বিদ্যালয়ের একাডেমিক ভবনের ঊর্ধ্বমুখি সম্প্রসারণের ফলকউন্মোচন শেষে আয়োজিত সভায় প্রধান অতিথির বক্তব্যে পররাষ্ট্রমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৪,ক.৫) **জনকণ্ঠ**(পৃ.১৪,ক.৬)।

১০। মানবসমাজ বিনির্মাণে সংস্কৃতিচর্চার বিকল্প নেই : সংস্কৃতিমন্ত্রী

সংস্কৃতিমন্ত্রী আসাদুজ্জামান নূর এমপি বলেছেন, যারা গাড়িতে আগুন দিয়ে মানুষ পুড়িয়ে হত্যা করে, বোমাবাজি করে, হলি আর্টিজানে নিষ্পাপ, নিরপরাধ মানুষকে জবাই করে হত্যা করে তারা মানুষ নয়, তারা দানব। আমাদের সিদ্ধান্ত নিতে হবে আমরা দানবের সমাজ তৈরি করব, নাকি মানবের সমাজ তৈরি করব। যদি মানবের সমাজ তৈরি করতে চাই, তাহলে সংস্কৃতিচর্চার কোনো বিকল্প নেই। গতকাল (২৭ অক্টোবর শনিবার) নওগাঁর ঐতিহ্যবাহী সামাজিক-সাংস্কৃতিক সংগঠন একুশে পরিষদ নওগাঁর ২৫ বছরপূর্তি অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৫,ক.১), **সংবাদ** (শেষ পৃ,ক.৬)।

১১। সরকার জনগণের বিশ্বাসযোগ্য তথ্যপ্রবাহ নিশ্চিত করতে চায় : তথ্য প্রতিমন্ত্রী

তথ্য প্রতিমন্ত্রী তারানা হালিম বলেছেন, সরকার গুজব শনাক্তকরণে আরো আন্তরিকভাবে কাজ করতে চায় এবং জনগণের বিশ্বাসযোগ্য তথ্যপ্রবাহ নিশ্চিত করতে চায়। সম্প্রতি একটি সংবাদ সংস্থার সাথে এক সাক্ষাৎকারে তিনি এ কথা বলেন। তিনি আরো বলেন, সরকার জনগণকে গুজবমুক্ত রাখতে গুজব শনাক্তকরণে মনিটরিং সেল গঠন করেছে। সূত্র-**নিউজ টুডে** (পৃ.৩, ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩, ক.২), **ডেইলি সান** (পৃ.২, ক.২)।

১২। রাষ্ট্রনায়ক যদি সৎ হন তবেই দেশের উন্নয়ন সম্ভব : তথ্য প্রতিমন্ত্রী

তথ্য প্রতিমন্ত্রী তারানা হালিম বলেছেন, একটি দেশের রাষ্ট্রনায়ক যদি সৎ হন, তবেই দেশের উন্নয়ন সম্ভব। প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিশ্বের তৃতীয় সৎ ও দুর্নীতিমুক্ত নেত্রী হিসেবে বিবেচিত হয়েছেন। তিনি তাঁর সততা ও নিষ্ঠা দিয়ে সব মানুষের স্বার্থরক্ষায় কাজ করে যাচ্ছেন। তিনিই একমাত্র নেত্রী, যার নেতৃত্বে বাংলাদেশের উন্নয়ন সম্ভব। তিনি বাংলাদেশের উন্নয়নে নিরলসভাবে কাজ করে যাচ্ছেন। গতকাল (২৭ অক্টোবর শনিবার) টাঙ্গাইলের নাগরপুর উপজেলার বাড়ীগ্রাম কলেজগেটে ওয়ার্ড আওয়ামী লীগ আয়োজিত কর্মী সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৭,ক.১)।

১৩। সাবেক প্রধান তথ্য অফিসার তছির আহাম্মদের ইন্তেকাল : রাষ্ট্রপতির শোক

সাবেক প্রধান তথ্য অফিসার তছির আহাম্মদ মস্তিস্ক ক্যান্সারে আক্রান্ত হয়ে গতকাল ২৭ অক্টোবর শনিবার ভোরে ঢাকার একটি হাসপাতালে ইন্তেকাল করেন। বিসিএস তথ্য ক্যাডারের ১৯৮২ ব্যাচের এ কর্মকর্তা বিসিএস তথ্য সমিতির সভাপতির দায়িত্বে ছিলেন। রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ গতকাল এক শোকবার্তায় তছির আহাম্মদের রুহের মাগফিরাত কামনা করেন এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি সমবেদনা জনান। এছাড়া তছির আহাম্মদের মৃত্যুতে তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু, তথ্য প্রতিমন্ত্রী তারানা হালিম, তথ্য সচিব আবদুল মালেক এবং প্রধান তথ্য অফিসার কামরুন নাহার গভীর শোক প্রকাশ করেছেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.২,ক.৩), **এশিয়ান এজ** (পৃ.৩,ক.৮)।

সম্পাদকীয়

ক. **ইত্তেফাক, ডেইলি সান :** বাংলাদেশ ক্রিকেট দল জিম্বাবুয়ে ক্রিকেটদলকে পরাজিত করায় জাতীয় ক্রিকেটদলের সবাইকে অভিনন্দন জানিয়ে ক্রিকেটসহ গুরুত্বপূর্ণ খেলাধুলার প্রতি সরকারের পৃষ্ঠপোষকতা ও আন্তরিকতা অব্যাহত থাকার প্রত্যাশা।

খ. **সংবাদ** : অনিরাপদ খাদ্যগ্রহণে বাংলাদেশের মানুষের বছরে ১২ হাজার কোটি টাকার বেশি উৎপাদনশীলতা নষ্ট হওয়ায় নিরাপদ খাদ্যপ্রাপ্তি নিশ্চিত করতে নাগরিকদের সচেতনতা বাড়ানোসহ খাদ্য ভেজাল বন্ধ করার সুপারিশ।

গ. **জনকণ্ঠ :** বাংলাদেশের বিদ্যুৎ বিভাগের সঙ্গে মাইক্রোসফটের সংযুক্ত হওয়ার ইতিবাচক বিষয় তুলে ধরে সরকারের অন্যান্য মন্ত্রণালয় ও বিভাগও পর্যায়ক্রমে এ পথে অগ্রসর হবে বলে প্রত্যাশা ব্যক্ত ।

ঘ. **যুগান্তর :** বেশকিছু বেসরকারি বিশ্ববিদ্যালয়ে প্রতি শিক্ষকের বিপরীতে শিক্ষার্থীর সংখ্যা ১৩৩ হওয়ায় এসব বিশ্ববিদ্যালয়ের শিক্ষকস্বল্পতা জরুরি ভিত্তিতে দূর করার সুপারিশ।

ঙ. **সমকাল :** প্রবাসীদের ব্যাংক অ্যাকাউন্ট থেকে লাখ লাখ টাকা উধাও হওয়ার বিষয় তুলে ধরে দেশের সব ব্যাংককেই এ ধরণের অপরাধ রোধে সতর্ক থাকার আহ্বান।

চ. **ভোরের কাগজ :** রোহিঙ্গাদের নিজ দেশ মিয়ানমারে ফিরিয়ে নিতে চীন কার্যকর উদ্যোগ নেবে বলে জানানোর পরিপ্রেক্ষিতে এ আশ্বাস বাস্তবায়নের প্রত্যাশা।

ছ. **যায়যায়দিন :** মাদকসহ কারা তত্ত্বাবধায়ক আটক হওয়ার ঘটনা তুলে ধরে মাদকের বিপজ্জনক বিস্তার রোধে মাদকসংশ্লিষ্ট সবার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের সুপারিশ।

জ. **ইন্ডিপেনডেন্ট :** এক মাসের কম বয়সি ব্রয়লার মুরগিতে ক্ষতিকর ব্যাকটেরিয়ার উপস্থিতি থাকায় জনস্বাস্থ্যের সুরক্ষায় পোলট্রি পণ্য নিরাপদ রাখতে যথাযথ ব্যবস্থা গ্রহণের আহ্বান।

ঝ. **নিউজ টুডে :** রাজধানী ঢাকাকে দূষণ ও অপরিকল্পিত বিস্তারের হাত থেকে সুরক্ষা করতে নগরায়নে মাস্টার প্ল্যান ও যথাযথ তত্ত্বাবধানের ওপর গুরুত্বারোপ।

ঞ. **নিউ এজ :** প্রতিবছর ব্রেস্ট ক্যান্সার আক্রান্ত ২২ হাজার নারীর ৭০ শতাংশ বিনা চিকিৎসায় মারা যাওয়ার ঘটনায় উদ্বেগ প্রকাশ করে এ রোগের চিকিৎসার ব্যাপারে আরও কার্যকর উদ্যোগ গ্রহণের সুপারিশ।

উপসম্পাদকীয়

জনকণ্ঠ পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, এখন বাংলাদেশ যেখানে দাঁড়িয়েছে তার উন্নতির প্রধান নেতৃত্বশক্তি প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এখন এ উন্নয়নের অগ্রযাত্রাকে এগিয়ে নেবার দায়িত্ব তরুণ সমাজের।

নিবন্ধ ও ফিচার

সংবাদ পত্রিকায় প্রকাশিত, **'একটি বাড়ি একটি খামার প্রকল্প, গ্রামীণ নারীদের জীবনধারা পাল্টে যাওয়ার গল্প'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, একটি বাড়ি একটি খামার প্রকল্প গ্রামীণ নারীদের সচ্ছলতা ও নারীর ক্ষমতায়নের একটি উজ্জ্বল দৃষ্টান্ত।

#

ডালিয়া/শুকলা/মরজিনা/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা